কয়েকটি ওষুধের ব্যবহার ও বিধিনিষেধ

টিকামেট® ১০০ এবং ২৫০ কোজিক্যাপ

(Ticamet® 100 & 250 Cozycap)

সালমেটেরল জিনাফোয়েট আইএনএন এবং ফ্লুটিকাসন প্রোপিওনেট বিপি-এর কম্বিনেশন ।

উপাদান

টিকামেট® ১০০: প্রতিটি ক্যাপসুলে আছে সালমেটেরল ৫০ মাইক্রোগ্রাম সালমেটেরল জিনাফোয়েট আইএনএন হিসাবে এবং ফ্লুটিকাসন প্রোপিওনেট বিপি ১০০ মাইক্রোগ্রামের কম্বিনেশন।

টিকামেট® ২৫০: প্রতিটি ক্যাপসুলে আছে সালমেটেরল ৫০ মাইক্রোগ্রাম সালমেটেরল জিনাফোয়েট আইএনএন হিসাবে এবং ফ্লুটিকাসন প্রোপিওনেট বি. পি. ২৫০ মাইক্রোগ্রামের কম্বিনেশন।

পার্শ্ব প্রতিক্রিয়া

কিছু কিছু ক্ষেত্রে পার্শ্ব প্রতিক্রিয়া যেমন: শ্বাসতন্ত্রে সংক্রমণ, ফ্যারিনজাইটিস, সাইনুসাইটিস, ডিসফোনিয়া, ওরাল ক্যানডিডিয়াসিস, ব্রঙ্কাইটিস, মাথাব্যথা, বমি বমি ভাব, বমি হতে পারে। এছাড়াও পরিপাকতন্ত্রের অস্বচ্ছন্দতা ও ব্যথা, ডায়রিয়া, এবং মাংসপেশীতে ব্যথা হতে পারে। এসব পার্শ্ব প্রতিক্রিয়াগুলো বেশীর ভাগ ক্ষেত্রেই মৃদু থেকে মাঝারি ধরনের। কদাচিৎ ইমিডিয়েট ও ডিলেয়েড ধরনের অতি সংবেদনশীলতা যেমন র‍্যাশ, এনজিওইডিমা, ব্রঙ্কোস্পাজম ইত্যাদি দেখা দিতে পারে।

যেসব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না

টিকামেট® ১০০ এবং ২৫০ কোজিক্যাপ স্ট্যাটাস এ্যাজমাটিকাস-এর প্রাথমিক চিকিৎসায় অথবা অন্য কোন একিউট এ্যাজমায় ব্যবহার করা যাবে না। ড্রাগটির কোন উপাদানের প্রতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রেও ড্রাগটির ব্যবহার নির্দেশিত নয়।

সতর্কতা

- কার্ডিওভাসকুলার ইফেক্ট : নির্দেশিত মাত্রায় টিকামেট® ১০০ এবং ২৫০ কোজিক্যাপ সাধারণতঃ কার্ডিওভাসকুলার সিস্টেমের উপর কোন প্রভাব ফেলে না। সালমেটেরল অন্যান্য সিম্প্যাথোমাইমেটিক ড্রাগের মত কার্ডিওভাসকুলার এবং সেন্ট্রাল নার্ভাস সিস্টেম বা কেন্দ্রিয় স্নায়ুতন্ত্রের উপর কাজ করে হৃদস্পন্দন ও রক্তচাপ বাড়ায় এবং উত্তেজনা বৃদ্ধি করে এবং কোন কোন ক্ষেত্রে ওষুধটি বন্ধ করে দেয়ার প্রয়োজন হয়। হৃদরোগ, উচ্চরক্তচাপ থাকলে অথবা থাইরোটক্সিকোসিস বা কনভালসিভ ডিজঅর্ডারের রোগীদের ক্ষেত্রে ওষুধটি সতর্কতার সাথে ব্যবহার করতে হবে।

- মেটাবলিক ইফেক্ট : নির্দেশিত মাত্রায় টিকামেট® কোজিক্যাপ ব্যবহারের ফলে সালমেটেরলের প্রভাবে কদাচিৎ রক্তে গ্লুকোজ এবং পটাশিয়ামের পরিমাণের পরিবর্তন (হাইপার ক্যালিমিয়া) হতে পারে। উচ্চ মাত্রায় প্রয়োগে কোন কোন রোগীর ক্ষেত্রে ওষুধটির ফ্লুটিকাসন হাইপার কর্টিসিজম এবং এডরেনাল সাপ্রেশন করতে পারে। এসব ক্ষেত্রে ওষুধটির মাত্রা ধীরে ধীরে কমিয়ে আনতে হবে। ফ্লুটিকাসনসহ অন্যান্য কর্টিকোস্টেরয়েড ইনহেলেশনের ফলে কদাচিৎ ইন্ট্রাঅকুলার প্রেসার বাড়িয়ে গ্লুকোমা এবং ক্যাটারাক্ট করতে পারে। শ্বাসতন্ত্রে ইনফেকশন, চিকিৎসা করা হয়নি এরকম কোন সিস্টেমিক ফাংগাল, ব্যাকটেরিয়াল, ভাইরাল, প্যারাসাইটিক, অথবা চোখে হারপেস সিমপ্লেক্স ইনফেকশন থাকলে ফ্লুটিকাসনসহ অন্যান্য কর্টিকোস্টেরয়েড ইনহেলার সতর্কতার সাথে ব্যবহার করতে হবে।

- ইয়োসিনোফিলিক কনডিশন্সঃ ফ্লুটিকাসন ইনহেলেশনের ফলে কদাচিৎ কোন রোগীর সিস্টেমিক ইয়োসিনোফিলিক কনডিশন, ভাসকুলাইটিস হতে পারে। ইয়োসিনোফিলিয়া, ভাসকুলাইটিক র‍্যাশ, শ্বাসতন্ত্রের উপসর্গগুলো বৃদ্ধি পাওয়া, কার্ডিয়াক কমপি-কেশন এবং নিউরোপ্যাথি সম্পর্কে চিকিৎসককে সতর্ক থাকতে হবে।

গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার

গর্ভাবস্থায় সালমেটেরল ও ফ্লুটিকাসন কম্বিনেশন ইনহেলার ব্যবহারের উপর সুনির্দিষ্ট ও পর্যাপ্ত কোন তথ্য পাওয়া যায়নি। স্তন্যদানকারী মায়েদের উপরও এই ড্রাগ ব্যবহারের কোন সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি। এসব ক্ষেত্রে ঝুঁকি ও প্রয়োজনীয়তা বিবেচনা করে অত্যন্ত সতর্কতার সাথে ড্রাগটি ব্যবহার করা উচিত।

নির্দেশনা

এ্যাজমার দীর্ঘমেয়াদী চিকিৎসার জন্য ১২ বছর ও তদুর্ধ্ব ব্যক্তিদের চিকিৎসায় নির্দেশিত। এই ড্রাগ একিউট ব্রঙ্কোস্পাজম উপশমের জন্য ব্যবহার করা যাবে না।

ব্যবহার বিধি ও মাত্রা

১২ বছর ও তদুর্ধ্ব ব্যক্তিদের ব্যবহারের জন্য নির্দেশিত। একটি করে ড্রাই পাউডার ক্যাপসুল ইনহেলেশন দিনে দুইবার ১২ ঘন্টা পরপর। টিকামেট® ১০০ এবং ২৫০ কোজিক্যাপ শুরু করার নির্দেশিত মাত্রাঃ

- যেসব রোগী বর্তমানে কোন ইনহেল্ড কর্টিকোস্টেরয়েড ব্যবহার করছেন না অথবা যাদের দুটি ড্রাগ দিয়ে মেইনটেনান্স থেরাপি শুরু করতে হবে, এবং যেসব রোগী নন-কর্টিকোস্টেরয়েড মেইনটেনান্স থেরাপিতে আছেন, তাদের জন্য নির্দেশিত মাত্রা একটি করে ড্রাই পাউডার ক্যাপসুল ইনহেলেশন দিনে দুইবার ১২ ঘন্টা পরপর।

- যেসব রোগী কোন একটি ইনহেলেড কর্টিকোস্টেরয়েড চিকিৎসায় আছেন তাদের জন্য-

বর্তমানে ব্যবহৃত ইনহেলেড কর্টিকোস্টেরয়েডের দৈনিক মাত্রা	টিকামেট® চিকিৎসা শুরু করার নির্দেশিত মাত্রা
বেকলোমিথাসন ড্রাই প্রোপিওনেট	
≤৫০০ মাইক্রোগ্রাম	টিকামেট® ১০০ কোজিক্যাপ
৫০০-১০০০ মাইক্রোগ্রাম	টিকামেট® ২৫০ কোজিক্যাপ
বুডিসোনাইড	
≤৪০০ মাইক্রোগ্রাম	টিকামেট® ১০০ কোজিক্যাপ
৮০০-১২০০ মাইক্রোগ্রাম	টিকামেট® ২৫০ কোজিক্যাপ
ফ্লুটিকাসন প্রোপিওনেট ইনহেলেশন এরোসল	
≤২০০ মাইক্রোগ্রাম	টিকামেট® ১০০ কোজিক্যাপ
৫০০ মাইক্রোগ্রাম	টিকামেট® ২৫০ কোজিক্যাপ
ফ্লুটিকাসন প্রোপিওনেট ইনহেলেশন পাউডার	
≤২০০ মাইক্রোগ্রাম	টিকামেট® ১০০ কোজিক্যাপ
৫০০ মাইক্রোগ্রাম	টিকামেট® ২৫০ কোজিক্যাপ
ট্রাইএমসিনোলন এসিটোনাইড	
≤১০০০ মাইক্রোগ্রাম	টিকামেট® ১০০ কোজিক্যাপ
১১০০-১৬০০ মাইক্রোগ্রাম	টিকামেট® ২৫০ কোজিক্যাপ

বৃদ্ধ রোগীদের ক্ষেত্রেঃ ৬৫ বছর বা তদুর্ধ্ব রোগীদের ক্ষেত্রে মাত্রা পরিবর্তনের প্রয়োজন নেই, তবে ড্রাগটি নির্দেশিত মাত্রার মধ্যে সর্বনিম্ন ডোজ থেকে শুরু করতে হবে। পরবর্তীতে এ্যাজমা নিয়ন্ত্রণের উপর ভিত্তি করে ট্রাইট্রেশন পদ্ধতিতে ডোজ বাড়ানো যাবে। যদি দুইটি ডোজের মধ্যবর্তী সময়ে এ্যাজমার উপসর্গ দেখা দেয় তবে ঐসময় স্বল্পমেয়াদী কোন বিটা এডরেনারজিক ড্রাগ ব্যবহার করতে হবে উপসর্গ উপশমের জন্য।

যেসব রোগী এই কম্বিনেশন ড্রাগ চিকিৎসায় আছেন তাদের এক্সারসাইজ বা অন্য কোন কারণে ব্রঙ্কোস্পাজম প্রতিরোধের জন্য সালমেটেরল ব্যবহার করা যাবে না। যেসব রোগীদের ক্ষেত্রে পূর্বে কার্যকরী মাত্রায় টিকামেট ব্যবহারে এ্যাজমা

নিয়ন্ত্রণ করা সম্ভব হয়নি, তাদের ক্ষেত্রে ড্রাগটির মাত্রা পুনরায় বিবেচনা করতে হবে, অর্থাৎ ব্যবহৃত মাত্রা পরিবর্তন করে উচ্চমাত্রায় দিতে হবে, অথবা সাথে একটি অন্য কোন ইনহেলেড কর্টিকোস্টেরয়েড যোগ করতে হবে, অথবা একটি অন্য কোন কর্টিকোস্টেরয়েড মুখে সেবন করতে হবে।

ফার্মাসিউটিক্যাল সতর্কতা

- কোজিক্যাপ শুধুমাত্র কোজিহেলারের মাধ্যমে ব্যবহার করতে হবে।
- কোজিক্যাপ মুখে সেবন করা যাবে না।
- নির্দেশিত মাত্রার থেকে বেশী ব্যবহার করা যাবে না।
- তাপ ও আর্দ্রতা থেকে দূরে ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখতে হবে।
- কনটেইনারের মুখ ভালভাবে বন্ধ রাখতে হবে।
- শুধুমাত্র ব্যবহারের সময় কোজিক্যাপটি কোজিহেলারের মধ্যে রাখতে হবে।

কোজিক্যাপটি আর্দ্র জায়গায় থাকলে সহজে ভাঙ্গবে না। ড্রাগটি শুধুমাত্র রেজিস্ট্রার্ড চিকিৎসকের অনুমোদন বা প্রেসক্রিপশন সাপেক্ষে ব্যবহার্য।

সরবরাহ

টিকামেট® ১০০ কোজিক্যাপ: ৩০ টি ক্যাপসুল। প্রতিটি ক্যাপসুলে আছে সালমেটেরল ৫০ মাইক্রোগ্রাম সালমেটেরল জিনাফোয়েট আইএনএন হিসাবে এবং ফ্লুটিকাসন প্রোপিওনেট বিপি ১০০ মাইক্রোগ্রামের কম্বিনেশন।

টিকামেট® ২৫০ কোজিক্যাপ: ৩০ টি ক্যাপসুল। প্রতিটি ক্যাপসুলে আছে সালমেটেরল ৫০ মাইক্রোগ্রাম সালমেটেরল জিনাফোয়েট আইএনএন হিসাবে এবং ফ্লুটিকাসন প্রোপিওনেট বিপি ২৫০ মাইক্রোগ্রামের কম্বিনেশন।

সালটোলিন® কোজিক্যাপ

(Sultolin® Cozycap)

সালবিউটামল বি. পি.

উপাদান

প্রতিটি সালটোলিন® ক্যাপসুলে (কোজিক্যাপ) আছে সালবিউটামল বিপি ২০০ মাইক্রোগ্রাম।

পার্শ্ব প্রতিক্রিয়া

সুসহনীয় এবং মারাত্মক বিষক্রিয়া নাই বললেই চলে। সালবিউটামল প্রয়োগে স্কেলেটাল মাংশপেশীতে ট্রেমর, প্যালপিটিশন এবং যন্ত্রণাদায়ক সংকোচন ঘটতে পারে। মাত্রাধিক্য গ্রহণে টেকিকারডিয়া, মাথাব্যথা, পেরিফেরাল ভেসোডাইলেটেশন হতে পারে। বারবার সালটোলিন® কোজিক্যাপ ব্যবহারে এগুলো আর দেখা যায় না।

কদাচিৎ এলার্জি (যেমন : চুলকানি, এনজিওইডিমা) ব্রঙ্কোস্পাজম, হাইপারটেনশন ইত্যাদি হতে পারে।

যদি প্যারাডক্সিকাল ব্রঙ্কোস্পাজম দেখা দেয়, তবে অতি শীঘ্রই এই ওষুধ প্রয়োগ বন্ধ করতে হবে এবং এর বিকল্প চিকিৎসা ব্যবস্থা শুরু করতে হবে।

সতর্কতা ও যেসব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না

যেসব রোগীদের হাইপারথাইরয়ডিজম, অ্যারিথমিয়া, মায়োকার্ডিয়াল ইনসাফিসিয়েন্সি এবং উচ্চ রক্তচাপ আছে, তাদের ক্ষেত্রে বিশেষ সতর্কতা নিতে হবে। নন্ সিলেকটিভ বিটাব-কার কোন ভাবেই সালবিউটামলের সাথে দেয়া যাবে না।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

সালবিউটামল ইনহেলেশনে ভ্রূণের ক্ষতি না করেই গর্ভাবস্থায় এর থেরাপিউটিক ইফেক্ট পাওয়া যায়। তবে গর্ভকালীন সময় বিশেষ করে প্রথম ৩ মাস সালবিউটামল ইনহেলেশনের মাধ্যমে নেয়া যেতে পারে (যদি অত্যন্ত প্রয়োজন হয়)।

সালবিউটামল মাতৃদুগ্ধে নি:সৃত হয় তবে পরিমাণ এখনও অজানা। তবে ড্রাই পাউডার ইনহেলার ব্যবহারে স্তন্যদান অবস্থায় শিশুর কোন প্রকার অস্বাভাবিক প্রতিক্রিয়া এখন পর্যন্ত দেখা যায় নি।

নির্দেশনা

সালটোলিন® কোজিক্যাপ এ্যাজমা, শ্বাসকষ্ট, ক্রনিক ব্রঙ্কাইটিস এবং এমফাইসেমাতে প্রতিষেধক হিসাবে ব্যবহার্য। যেহেতু সালটোলিন® কোজিক্যাপ খুব দ্রুত কাজ করে, তীব্র বা হঠাৎ শ্বাসকষ্টে এটা খুব ভাল কাজ করে।

ব্যবহার বিধি ও মাত্রা

সালটোলিন® কোজিক্যাপ কোজিহেলারের মাধ্যমে ব্যবহারের জন্য নির্দেশিত, মুখে সেবনের জন্য নয়।

বড়দের জন্য নির্দেশিত মাত্রা: শ্বাসকষ্ট এবং ব্রঙ্কোস্পাজম নিরাময়ের জন্য একটি অথবা দুইটি সালটোলিন® কোজিক্যাপ একত্রে। এ্যাজমার মেইন্টেনান্স এবং প্রফাইলেকটিক চিকিৎসায় সালটোলিন® কোজিক্যাপ একটি করে ৪ থেকে ৬ ঘন্টা পরপর। কোন কোন ক্ষেত্রে দুইটি করে সালটোলিন® কোজিক্যাপ ৪-৬ ঘন্টা পরপর।

শিশুদের জন্য নির্দেশিত মাত্রা: চার বছর বা তার থেকে বড় শিশুদের এ্যাজমা চিকিৎসায় নির্দেশিত। এ্যাজমা মেইনটেনান্স এবং প্রফাইলেকটিক চিকিৎসায় একটি করে সালটোলিন® কোজিক্যাপ দিনে তিন থেকে চার বার। কোন কোন ক্ষেত্রে দুইটি করে সালটোলিন® কোজিক্যাপ প্রয়োজন হতে পারে।

এক্সারসাইজ জনিত এ্যাজমা প্রতিরোধ: বড়দের ক্ষেত্রে দুইটি এবং শিশুদের ক্ষেত্রে একটি সালটোলিন® কোজিক্যাপ এক্সারসাইজ করার ১৫ থেকে ২০ মিনিট আগে নিতে হবে।

ফার্মাসিউটিক্যাল সতকর্তা

কোজিক্যাপের কন্টেইনারটি খুব ভাল করে আটকাতে হবে। আলো ও আর্দ্রতা থেকে দূরে রাখতে হবে।

সরবরাহ

সালটোলিন® কোজিক্যাপ : ৩০টি ক্যাপসুল। প্রতিটি ক্যাপসুলে আছে সালবিউটামল সালফেট বিপি ২০০ মাইক্রোগ্রাম।

কোজিহেলার® (Cozyhaler®) ব্যবহারের নিয়মাবলী

কোজিহেলারের বিভিন্ন অংশ

১

১. যেভাবে দেখানো হয়েছে সেরকম করে কোজিহেলার সোজা করে ধরতে হবে। কোজিহেলারের দুইটি অংশ এমন অবস্থায় রাখতে হবে যাতে ওপরে ওঠানো চৌকো ফুটোর সরাসরি নিচে ফিন না থাকে।



২. কন্টেইনার থেকে একটি কোজিক্যাপ বের করে কোজিক্যাপটি কোজিহেলারের ওপরে ওঠানো চৌকো ফুটোয় ঢুকিয়ে দিতে হবে যাতে স্বচ্ছ দিকটি নিচে থাকে।

৩. কোজিক্যাপটি এমন শক্ত করে চেপে দিতে হবে যাতে কোজিক্যাপের ওপরের দিকটি ফুটোর ওপরের অংশের সঙ্গে সমানভাবে থাকে।



৪. এক হাতে মাউথপিস শক্ত করে ধরে তলার অংশটি ঘোরাতে হবে। ফিন কোজিক্যাপের দুইটি অংশকে আলাদা করে দেয়, যা কোজিহেলারের স্বচ্ছ বডির মাধ্যমে দেখা যায়। এখন কোজিহেলার ব্যবহারের জন্য প্রস্তুত।



৫. পুরোপুরি শ্বাস ছাড়তে হবে।

৬. মাউথপিস দাঁতের মধ্যে চেপে ধরে সেটিকে ঠোঁট দিয়ে চারপাশ থেকে শীল করে দিতে হবে। একটু পিছন দিকে মাথা হেলিয়ে মুখ দিয়ে যথাসম্ভব গভীর শ্বাস নিতে হবে। যদি প্রক্রিয়াটি সঠিক হয় তাহলে কোজিহেলারের কোজিক্যাপের খড়খড় আওয়াজ শোনা যাবে।

৭. কোজিহেলার মুখ থেকে বের করে নিয়ে শ্বাস চেপে রাখতে হবে। শ্বাস ছাড়ার আগে যতক্ষণ সহজে শ্বাস ধরে রাখতে পারা যায় ধরে রাখতে হবে। কখনও কখনও ১টি বা ২টি অতিরিক্ত ইনহেলেশনের দরকার পড়তে পারে, যাতে পুরো মাত্রা (ডোজ) নেওয়া যায়। তার জন্যে ২ থেকে ৭ অবধি প্রক্রিয়া পুনরায় করতে হবে।

৮. **কোজিহেলার ব্যবহারের পর:**

ব্যবহারের পর কোজিহেলারের দুইটি অংশ আলাদা করে নিয়ে কোজিক্যাপের খালি শেল বের করে দিতে হবে। কোজিহেলার পরের বার ব্যবহার জন্য জুড়ে নিতে হবে।

৯. **পরের বার ব্যবহারের জন্য :**

প্রক্রিয়া ২ অনুসারে একটি নতুন কোজিক্যাপ ভিতরে ঢুকিয়ে দিলে চৌকো ফুটোয় লেগে থাকা শেল (আগের বার ব্যবহারের জন্য) নতুন কোজিক্যাপ লাগাতেই বাইরে বের হয়ে আসবে। তারপর ৩ থেকে ৮ অবধি প্রক্রিয়া আবার করতে।